

বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায় ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য জমি ক্রয়

আতিকুর রহমান ॥ বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায় মুসলমানদের সংখ্যা ক্রমবর্ধমান বৃদ্ধির ফলে এ এলাকায় একটি ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার দীর্ঘদিন কাজ করে যাচ্ছে। কর্তৃপক্ষ ইসলামিক সেন্টার কমপ্লেক্স এ মসজিদ, কমিউনিটি হল, স্পোর্টস সেন্টার সহ বিভিন্ন সুবিধা থাকবে বলে জানান। এ লক্ষ্যে গত ২৯ শে মে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার 13-17 Eagleview Rd, কর্নার ইঙ্গেলবার্ন এবং মিন্টু এলাকায় ৫ একর বিশিষ্ট জমি ক্রয় করে। অকশনে ক্রয়কৃত জমির মূল্যে A\$৭,৩৫,০০০। অকশনের দিন ১০% ডিপোজিট বাবদ A\$৭৩,৫০০ প্রদান করা হয়। বাকী অর্থ প্রায় A\$7,00,000 আগামী নভেম্বর এ সেটেলমেন্টের দিন প্রদান করা হবে বলে জানা যায়। ইতিমধ্যেই অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন কার্যকরি কমিটি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে অত্র এলাকায় কমিউনিটির মধ্যে তাদের স্থান করে নিয়েছে। বিশেষ করে ঈদুল ফিতর ও আযহার নামাজের ব্যবস্থা, শরিয়াহ মোতাবেক কোরবানীর ব্যবস্থা, শবে মি'রাজ, ঈদে মিলাদুন্নবী, ঈদ উৎসব সহ বিভিন্ন কর্মসূচীগুলি কমিউনিটি মাঝে ব্যাপক সাড়া দিয়েছে। সংগঠন অতি স্বল্প সময়ে প্রায় A\$105,০০০ অর্থ সংগৃহীত করেছে। বর্তমানে আর্থিক সদস্য সংখ্যার দিক দিয়ে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার অন্যতম বৃহত্তর। কমপ্লেক্স সেন্টারের জন্য ক্রয়কৃত জমির বাকী অর্থ পরিশোধের জন্য প্রয়োজন কমিউনিটির সদস্যের নিকট হতে আর্থিক সহযোগিতা। সংগঠনের কর্তৃপক্ষ ক্রয়কৃত জমির মূল্য সময়মত পরিশোধের জন্য কমিউনিটির সকল সদস্যদের নিকট আকুল আবেদন জানিয়েছেন। সকলের সহযোগিতাই সম্ভব সেন্টার কমপ্লেক্স এর স্বপ্ন। সংগঠনের নিম্ন একাউন্টে সহযোগিতা করার জন্য আবেদন করেছেন:

**Commonwealth Bank; Account number: 062185
10482582
Account name: Australian Muslim Welfare Centre
Incorporated.**

